# শারদ সম্ভার ১৪৩০
# Sharod Shombhaar 2023





***Connections*** *by Malini Chakrabarty*

# Chairman's Message

Dear Friends,

I welcome you all with open arms to our 43rd Durga Puja celebrations in Glasgow this year. We are blessed to host our Durga Puja Festival once again with great zeal and feel proud to represent the oldest Puja of Scotland. Glasgow's Puja has grown from strength to strength with every passing year and it is hugely gratifying to see many new people join hand in hand with all of us to make our festivities a grand success.

Durga Puja depicts the celebration of the "triumph of good over evil", purifies negativities and cultivates positivity and holiness. Nine avatars of Maa Durga symbolises power, strength, bravery, knowledge, beauty, grace, auspiciousness, humanity and peace. We offer our prayers for harmony, peace of inner self and seek strength to overcome the challenges for the future.

We are delighted to fulfil our tradition and rich cultural heritage miles away from our motherland (India) and try to relive the festive moments with similar enthusiasm and excitement in our adopted homeland. I on behalf of Puja Committee would like to convey my sincere thanks to each and every one of you who has shown enthusiasm to be a part of our celebration and especially to our sponsors and advertisers for their relentless support. It would not be possible to hold this festival in such magnificence without the generous and tireless efforts of all the members of our community.

I am particularly glad to welcome our distinguished guests during our festive period. We hope they will cherish the fond memories of our Puja and grace us with their presence in future years. I extend my thanks to Coats Paisley and University of West of Scotland; Paisley Campus for their help and support to make our occasion successful and memorable. I express my sincere gratitude to our predecessors who have managed this festival graciously for years and we hope to follow their footsteps to spread it further and take it to greater dimensions.

Finally, my heartiest congratulations to our souvenir team who have worked extremely hard to relaunch the Puja Souvenir online this year after it had come to a halt for a few years with unprecedented situation. Contributions of many enthused people with different mix of skills help in growth and glorification of our Puja festivities. I would like to conclude with my best wishes for everyone, may this festive season brighten your lives and give strength to face any obstacle on your path.

Greetings for Durgotsav 2023
Gautam Kumar Patra



# Message from Consul General Bijay Selvaraj for Durga Puja

I am happy to note that the Durga Puja Committee, Bangiya Sanskritik Parishad, Glasgow is celebrating Durga Puja for the 43rd year running at Renfrewshire. India is a land of festivals and Durga Puja is a great Indian festival that makes the colourful mosaic of Indian culture and spirituality. I am glad that the Indian diaspora in Scotland is celebrating Durga Puja with traditional fervour on such a large scale. I wish the Organising Committee all success for this year's celebration and wish them continued success for the years to come.

***

The Right Hon The Lord Provost of Glasgow
**Councillor Jacqueline McLaren**



As Lord Provost of Glasgow, I am delighted to send the city's very best wishes to everyone celebrating Durga Puja here in Scotland.

As a city famed for its wit, warmth and sense of fun, the festival of Durga Puja is an opportunity to celebrate these special qualities. A multi-cultural festival celebrating diversity, friendship and respect, it demonstrates the values shared throughout our city.

To all our Hindu community across the world, I wish you all a very joyous and uplifting festival.

Best wishes



The Right Hon. The Lord Provost of Glasgow
Cllr Jacqueline McLaren

Glasgow City Council, City Chambers, Glasgow, G2 1DU
Telephone: 0141 287 0223

**Councillor Lorraine Cameron**
**Provost of Renfrewshire**

**Renfrewshire Council**



To Whom It May Concern

It is a great honour for me to once again welcome this festival to Paisley.

In the beautiful Coats Memorial Church, we will celebrate Indian culture and hope to meet people from diverse backgrounds who are taking part in this piece of traditional history.

I would urge as many people as possible to go along and witness this wonderful spectacle and revel in its cultural and colourful display.

Kind regards

**Councillor Lorraine Cameron**
**Provost of Renfrewshire**



Provost Mary Montague said: "Durga Puja is one of the greatest festivals in India for Hindus and celebrated all over the world by the Hindu community. It's a time to pay homage to the Hindu goddess Durga, for people to get together and also enjoy a reunion with family and friends.

"It is fantastic celebration of honouring the victory of good over evil or light over darkness and a reminder that we should always follow the right path.

"The festival is all about positivity and good energy and essentially a festival of happiness. It's always lovely to see all of the wonderful photographs and vibrant colours of everyone enjoying themselves.

"I would like to express my best wishes to everyone celebrating throughout this special time and I hope for peace and prosperity throughout the entire year. Have a happy Duga Puja!"

**Mary Montague**
**Provost of East Renfrewshire**

www.eastrenfrewshire.gov.uk


our mortgage broker
Specialist Mortgage Brokers
OUR SERVICES
✓ Residential Mortgages
✓ First Time Buyer Mortgages
✓ Buy to Let Mortgages
✓ Limited Company Buy to Let Mortgages
✓ Specialist Mortgages
✓ Expat and Foreign National Mortgages
✓ Bridging Loans
✓ Commercial Mortgages
✓ Development Finance
✓ Refurbishment Finance
✓ Second Charge Mortgages
✓ Asset and Invoice Finance
✓ Later Life Lending
✓ Mortgage and Insurance Protection
Get In Touch
07494 714 915
ankita@ourmortgagebroker.co.uk
www.ourmortgagebroker.co.uk
Our Mortgage Broker Limited is authorised and regulated by the Financial Conduct Authority, FCA number 944663.
Our Mortgage Broker Limited is registered in England and Wales, registration number 11358646.


GLASGOW VAULTS
— SCOTLAND —
EDINBURGH SAFE DEPOSIT
— SCOTLAND —
SAFE DEPOSIT BOX/LOCKER FACILITIES
Part of Europe's Largest Safe Deposit Box Company
Private
Safe Deposit Boxes
From Less Than
£3
Per Week!
Glasgow & Edinburgh's Only Independent
Safe Deposit Box/Locker Facilities
•FULLY INSURED
•OPEN 7 DAYS A WEEK
•UNLIMITED ACCESS FOR CLIENTS
Tel: 0141 343 1305
www.GlasgowVaults.co.uk
10-12 Albert Drive, Glasgow, G41 2PE
Tel: 0131 460 1188
www.EdinburghSafeDeposit.co.uk
23 Atholl Crescent, Edinburgh, EH3 8HQ

# Disclaimer

The views, opinions, and content expressed in this magazine are solely those of the individual authors and do not necessarily reflect the views or policies of the magazine's editorial team, publisher, or any affiliated organizations. Authors are responsible for the accuracy, legality, and originality of their contributions, including but not limited to text, images, and any other material provided. Any disputes, concerns, or inquiries regarding the content of specific articles or features should be directed to the respective authors. The magazine assumes no liability for the content authored by individuals. Readers are encouraged to exercise their own judgement and discretion when consuming the content within this publication.

**Editorial Team**

Sunetra Deb

Riddhiman Karmakar

Arnab Purakayestha

# Contents


| | | |
|---|---|---|
| **Highland Harmony: Bengali & English Notes in Scottish Symphony** | English and Bengali articles from in and around Glasgow | 10 |
| **Kiddie Kilts to Saree Strokes: A dual heritage of artistic brilliance** | Drawings, paintings, sketches, illustrations | 32 |
| **Lochs and Luchi: A culinary journey with Scottish Indians** | Recipes from in and around Glasgow | 44 |
| **Kilts and Click: Indian Lens in Caledonia** | Photographs from in around Glasgow | 50 |
| **Clyde to Ganges: Tales from India** | Stories, poems, write-ups from India | 53 |
| **Glasgow Puja Archives: Down the memory lane** | Reminiscence of past Pujas | 57 |
| **Glasgow Puja Contributors** | | 60 |



***A lifetime of love, a moment of magic*** - *by Malini Chakrabarty*

# Highland Harmony:

## Bengali & English Notes in Scottish Symphony

# দুগ্গা-দুগ্গা

*বাবুলায়েব মুখোপাধ্যায়*

পরাণ’দা বৌদিকে নিয়ে প্রথমবার বিদেশে চলেছেন - মেয়ে আর জামাইয়ের কাছে| সদ্যোজাত নাতির মুখ দেখবেন, অনেক বুঝিয়ে সুঝিয়ে ম্যানেজারকে রাজি করিয়ে দেড় মাসের ছুটি জোগাড় করেছেন | শুধু নিরাপত্তারক্ষীরা বাণীর গঙ্গাজলের বোতলটা কেড়ে নেওয়ায় মনটা খচখচ করছে। আর ঘোষ পাড়ার ক্লাবের পূজো ছেড়ে কখনও বাইরে থাকেননি; যাহোক, বিলেতে নাতির মুখ দর্শন বলে কথা ! প্লেনে উঠে মেয়েকে মেসেজ করে ছিলেন, পাশে দেখলেন বাণী দুর্গানাম জপ করছেন। বাণী ইতিমধ্যেই জানিয়েছেন পূজোয় আর বিদেশে যাবেন না |

*************

হুইস্কি আর “লক নেস মনস্টার” - এর বাইরে স্কটল্যান্ড সম্বন্ধে পরাণদার ধারণা খুবই সীমিত। গ্লাসগোয় অবতরণের পর সাহেবরা কি বলছে বুঝতে বেশ হিমসিম খেলেন। এমন ইংরাজী তো ডিসকভারি চ্যানেলে শোনেননি । যাহোক বিমানবন্দরের বাইরে এসে রাখী আর জয়ন্তকে দেখে বড় স্বস্তি পেলেন দুজনে | দু'বছর পর দেখলেন মেয়েকে - বিয়ের দু মাসের মাথায় চলে এসেছিল যে।- ওদের গাড়ীতে চেপে আধ ঘন্টার মধ্যেই গন্তব্যে পৌঁছলেন। শুধু দেখলেন সারা রাস্তায় কেউ একবারও হর্ণ বাজান না - কেমন শব্দহীন লাগল শহরটাকে। নাতির সবে চারমাস পূর্ণ হয়েছে| প্রথম দর্শনেই সে যে মুচকি হাসিটা দিল - পরাণ আর বাণী এক লহমাতেই হৃদ বন্দী হয়ে গেলেন।

আদর করে দুজনে নাতিকে নাম দিলেন বাবলু - ডাকনাম । ভালোই কাটলো হপ্তা দুয়েক। ঠারেটোরে এও বুঝলেন মেয়ে আপাতত: এখানের চাকরিতেই সুখী - পাকাপাকি বন্দোবস্তের কথা ভাবছে। তবু মনটা একটু ব্যাকূল হয়ে উঠল মহালয়ার আগের দিন; কলকাতার কথা মনে পড়ল। ভোর চারটের বীরেন্দ্র কৃষ্ণের পাঠ মনে কোথাও একটা মোচড় দিল। হাতফোনে সেটা সরাসরি শোনা যায় কিনা বাণী বারবার জিজ্ঞাসা করতে লাগলেন।

সন্ধ্যেবেলা বাড়ি ফিরে জয়ন্ত জানাল পরের দিন সন্ধ্যেবেলা ওরা সপরিবার যাবে গ্লাসগোর একটা অনুষ্ঠানে। শনিবার বিকেলে যথাসময়ে সবাই মিলে হাজির হলেন একটি বড় হলঘরে। সেখানে প্রায় শ'দুয়েক লোক, বাচ্চা-কাচ্চারা ছোটাছুটি করছে । রাখী ওদের বন্ধুদের সাথে পরিচয় করিয়ে দিল।

খানিক বাদেই শুরু হল অনুষ্ঠান। পর্দা সরতে দেখলেন স্টেজভর্তি কলাকুশলী আর এক কোণে দুষ্টু চোখের কচিকাচারা দাঁড়িয়ে। সমবেত কণ্ঠে গান শুরু হতে দুজনেই একটু নড়ে চড়ে বসলেন। কোথা দিয়ে ঘন্টা দেড়েক কেটে গেল বুঝতেই পারলেন না। পরাণ-বাণীর ধারণাই ছিল না এই পান্ডববর্জিত জায়গায় সমগ্র "মহিষাসুর মর্দিনী" হতে পারে। বেশ খানিকটা বিস্ময় আর তুষ্টি মাখানো অনুভূতি নিয়ে রাতে বাড়ি ফিরলেন।

পূজোর কটা দিন সানন্দেই কাটল ওদের। নাতিকে দেখাশোনার ভার দিয়ে রাখী আর জয়ন্ত পূজোর নানা আয়োজনে মেতে উঠল। ষষ্ঠীতে দেবীর বোধন হল শাস্ত্রমতে, সাবেকি ঢঙে, অনেকের সাথে আলাপ পরিচয় হল। বিরাট পুরানো এক গির্জায় পূজো। পাশ্চাত্য গথিক স্থাপত্যের পটভূমিতে পাঁচ চালার প্রতিমা এক অনবদ্য সৌন্দর্য সৃষ্টি করেছে। সকলের কি উৎসাহ!

তিথি মেনেই পাঁচ দিন পূজো, আর পরাণদা হতবাক হয়ে গেলেন যে শয়ে শয়ে দর্শনার্থী সবাইকে পঞ্চপদে বসিয়ে যত্ন করে খাওয়ানো হচ্ছে। এমনটা কখনও কোথাও দেখেননি! পূজোও হল রীতিমত বিধি মেনে - সন্ধিপূজো, হোম, চন্ডীপাঠ থেকে পদ্মফুলের যোগাড় - কিছুই বাদ গেল না। নবমীর রাতে শুয়ে বাণীকে বললেন – ঘোষপাড়ায় পূজো কেমন হল কে জানে? ভুলেই গিয়েছিলেন ক'দিন, বাণী বললেন দশমীতে উনি "মা" কে বরণ করবেন।

*************

আগামীকাল পরাণদা আর বাণী দেশে ফিরছেন। বিমানবন্দরে রাখী-বাণী দুজনের চোখই ছলছলে। বাবলুকে জড়িয়ে নীরবে আদর করলেন অনেকক্ষণ পরাণদা, প্লেনে উঠে জানলার কাঁচ দিয়ে দেখলেন দূরের ধূসর পাহাড়গুলোকে। ভাইপো মেসেজ পাঠিয়েছে যে দমদমে গাড়ি থাকবে, আর তারপর দিন শাহরুক খানের নতুন সিনেমার টিকিট কাটা আছে। বাণীকে জিজ্ঞেস করলেন - পরের বছর আসবে তো? মুচকি হেসে বাণী বললেন দুগ্গা দুগ্গা।

# Old, New and Magic Sprinkles

*Rituparna Kole*

My little niece pottered about in the cafe as I sat sipping on a coffee. She is a year and a half old. An age where the "half" makes all the difference. The difference between drinking milk and weaning. The difference between crawling and walking. The difference between gesturing & burbling and speaking meaningful words.

She is at that beautiful age where everything is new and fantastical, but her memory and recollection are short enough for these little things to be exciting over and over again like a first time experience.

She peeped through the window at her beloved cousin as he tried to concentrate on his swimming lesson. She giggled and clapped as he discreetly acknowledged her, but gave away his momentary lapse in concentration to his teacher, by pointing and repeating his name.

She walked up to a boy much older than her and just looked at him, perhaps expecting him to say hello. On not getting a reaction she lost interest and moved on.

She walked along and touched all the lights on the counter pressing her nose on them as if to imbibe some sort of superpower.

She babbled to herself pointing, touching, observing and listening. Every action seemed to be very important. The purpose of which only she knew.

She stumbled and fell and rolled around a little on the floor like it was a perfectly natural thing to do. Then she confidently got up again and gave me a cheeky grin and tried to escape from the building with a mad dash for the door.

I dropped my book and hurtled after her as she bolted with the speed that only a toddler can achieve.

As I finally caught her, outside the cafe, I gently steered her back inside, all too wary that given half a chance, she would dash out again!

As we walked back, an elderly lady walked in and took a seat. She looked at my niece, over the rim of her glasses and smiled.

I watched them both, like they were frozen in time and wondered what my niece was thinking. She stared, like she was reading every wrinkle on the lady's face and trying to decipher the wisdom in the silver strands of her hair.

It always fascinates me how physically everything changes as we age but the windows to our soul, our eyes remain the same.

Watching them, conjured up a memory which is very dear to me. I remember when I first took my son to India. He was 5 months old. He was so tired after the long flight, nobody could console him. He cried and cried as he was passed between my mother, father and I.

My grandmother heard the commotion and called me over and said “Urgh… you are all useless! Lay the boy next to me!” We were all skeptical because by this time he was hysterical and my grandmother frail in body.

I put him beside her, ready to retrieve him if all hell broke loose, but on the contrary, he calmed the moment she put her soft wrinkled hand on his heart and looked him deeply in the eyes with a smile. He looked up at her mesmerized as if she had cast a magic spell.

There is definitely something to say for experience and wisdom. And when it collides with the innocent curiosity of a child it is pure magic.
In the same way as my niece and the lady looked across at each other, the world around them seemed to melt away. To them, nothing else mattered. A beautiful exchange of smiles and gestures, expressions & monosyllables, peekaboos & rhymes, all topped off with magic sprinkles…..

# আমার চোখে শংকর

*ডাঃ পাঞ্চজন্য ঘটক*



২০০৫ সালের জুলাই বা অগাস্ট মাসের এক গুমোট সন্ধ্যা। আকাশে মেঘ দলা পাকিয়ে আছে। বৃষ্টি হবো হবো করেও হচ্ছে না। দুরু-দুরু বুকে বন্ডেল গেটের কাছে একটি ফ্ল্যাটের দোতলার দরজার সামনে দাঁড়ালাম। বেল টেপার কয়েক মুহূর্ত পর দরজা খুলে যে মানুষটিকে দেখতে পেলাম, তাঁর সামনে কখনো এভাবে দাঁড়াতে পারবো,আগে ভাবি নি।

আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম জনপ্রিয় ও মহান লেখক ততক্ষনে তাঁর স্নেহ মাখানো গলায় আমাকে ডাকছেন - ' আরে, এসো এসো। তুমি তো কলকাতাতেও বিলেতি টাইম মতো চলো দেখি।' ছোট বসার ঘর জুড়ে বই। এই ঘরে বসেই উনি লেখেন। একদিকে দুটি চেয়ারের একটিতে বসলেন উনি। ঘরের মাঝখানে একটি সেন্টার টেবিল। তার অন্যদিকে আরেকটি চেয়ারে বসতে বললেন আমাকে। বৌদির সঙ্গে আলাপ করিয়ে দিলেন। ওঁকে বললেন - 'আমাদের জলখাবারটা দিয়ে যাও এবার '।

আমার নরেন্দ্রপুরের প্রথম দিনের বন্ধু দীপ্র ঝা 'Music World ' এর প্রথম জেনারেল ম্যানেজার ছিল। সেই সূত্রে ওর শংকরের সঙ্গে পরিচয়। শংকর RPG গ্রুপের দায়িত্বশীল পদে থাকার সুবাদে। দীপ্র আমার কথা ওঁকে কোনো সময়ে বলে। তাতে উনি আমার সঙ্গে দেখা করার আগ্রহ প্রকাশ করেন। এই সূত্রেই ওঁর বাড়ি যাওয়া। এতো বড়ো সাহিত্যিকের উল্টোদিকে বসে দ্বিধাগ্রস্ত হওয়ার কোনো সুযোগই পেলাম না। মনে হলো কতদিনের পরিচিতি ওঁর সঙ্গে। কথা শুরু হওয়ার কিছুক্ষণের ভেতর বৌদি আমাদের প্লেট ভর্তি ধবধবে সাদা লুচি আর গাঢ় সোনালী হলুদ ছোলার ডাল দিয়ে গেলেন। খুব তৃপ্তির সঙ্গে খেতে খেতে নানা বিষয়ে কথা বলছিলেন প্রবীণ সাহিত্যিক।

বাঙালিদের বয়োজ্যেষ্ঠদের সঙ্গে কথা বলার সময় একটা ব্যাপার মাথায় ঘুরঘুর করে। কি বলে ডাকবো এঁকে ? কাকু-কাকি, জেঠু-জেঠি , মেসো-মাসি, নাকি দাদা - বৌদি ? আমার একটা সোজা হিসেবে আছে - আমার সঙ্গে সরাসরি যাঁদের সঙ্গে আলাপ আর যাঁরা আমার চেয়ে বয়েসে বড়ো –

তাঁদের আমি দাদা বা দিদি বলি | যাঁদের সঙ্গে আমার বাবা বা মায়ের সূত্রে আলাপ - তাঁদের জন্য তোলা থাকে অন্য গুরু-গম্ভীর ডাকগুলো | এই সূত্রানুযায়ী আমি শঙ্করকে প্রথম দিন থেকে ' দাদা' বলে ডাকি| অমায়িক, স্নেহশীল মানুষটির জন্য গুরুগম্ভীর কোনো ডাক হলে বেমানান লাগতো |

দাদা নিজের কথা কমই বলেন | আমার কথা, আমার কাজের কথা জানতে চান সেই প্রথম দিন থেকে| সারা পৃথিবীর সেরা বাঙালিদের সঙ্গে দাদার পরিচয় আছে | তার ভেতরে আমার মতো নগণ্য মানুষের কথা জানতে চান | খুব ভালো লাগে | ইংলিশে একেই বলে ' feeling valued ' | শোনেন না শুধু, মনেও রাখেন | প্রত্যেক বছর কলকাতা গেলে ওঁর সঙ্গে দেখা করি | কখনো ওঁর বাড়িতে | কখনো ভিক্টোরিয়া হাউসে ওঁর বিরাট অফিসে | খেয়াল করি, আমার আগের বলা কথা সব মনে রাখেন | সেই প্রসঙ্গে কথা বলেন | আরো জানতে চান | আমার স্ত্রী বৈশালী আর ছেলে প্রায়ামের সঙ্গেও তাদের মতো করে কথা বলেন |

আমিও জানতে চাই ওঁর লেখা, কাজ , জীবন, ব্যাপ্ত অভিজ্ঞতা নিয়ে নানা কথা | খোলামনে সব কিছু বলেন উনি | কোনো রাখঢাক ছাড়াই | তবে কারো প্রতি কোনো উষ্মা বা বৈরীভাব প্রকাশ করতে শুনিনি কখনো | অসাধারণ ধীশক্তি ওঁর | আশি পেরিয়েছে অনেকদিন - স্মৃতিশক্তি অত্যন্ত প্রখর | কিন্তু অদ্ভুত এক সারল্য | চকোলেট খেতে খুব ভালোবাসেন | আমি প্রতিবছর ওঁর জন্য ভালো সুইস চকোলেট নিয়ে যাই | আর বিলেতের কিছু পত্র - পত্রিকা | ভিক্টোরিয়া হাউসের অফিসে ঢোকার মুখে ওঁর সেক্রেটারি আমাকে দেখেই মিষ্টি হেসে বলেন - ' ভেতরে যান | আপনার জন্যই wait করছেন |'

ঘরে ঢোকার সঙ্গে সঙ্গেই সেই উষ্ণ কাছে আসার আহ্বান | ইন্টারকমে সেক্রেটারিকে বলা - ' এখন ঘন্টা তিনেক কেউ যেন না আসে | আর ফোনও একদম ইমার্জেন্সি ছাড়া পাঠিও না | আর দু কাপ কফি দিয়ে যেও |' শুরু হতো গল্প | আমাদের কিছু shared interests আছে | একজন Psychiatrist হিসেবে বুঝি - দুজন ভিন্ন প্রান্তের মানুষকেও কাছে আসতে সাহায্য করে এই shared interests | আমাদের shared interests এর তালিকায় আছে - ঠাকুর-মা-স্বামীজী, পুরোনো কলকাতা, বাংলা সাহিত্য ও সিনেমা, বৃটিশ ঔপনবেশিক ইতিহাস | এইসব বিষয়ে কথা হয় | আমি ওঁর লেখা নিয়ে অনেক কিছু জিজ্ঞেস করি | উনি বুঝিয়ে দেন খুব সহজ করে | বলেন ওঁর কালজয়ী লেখা নিয়ে অনেক বিচিত্র অভিজ্ঞতার কথা |

ওঠার মুখে প্রতিবার ওঁর লেখা একটি বই উপহার দেন | কিছু কথা লিখে | সই করে | বছর এগারো আগে এমনি এক উঠে আসার মুহূর্তে দাদা জিজ্ঞেস করেন - 'তোমাকে এবার কোন বইটা দিই বলোতো' ? আমার মা তখন গুরুতর অসুস্থ এক কালরোগে | ডাক্তার হিসেবে বুঝতাম খেলাশেষের বাঁশি খুব দূরে নয় | মা বাংলা ভাষা-সাহিত্যের ছাত্রী ছিলেন | আমি দাদাকে বলি - ' আমার মায়ের ( পাঞ্চালী ঘটক ) জন্য 'চৌরঙ্গী' উপন্যাস দিলে খুব ভালো লাগবে ' | দাদার নিজের সই করা 'চৌরঙ্গী' উপন্যাসটি পেয়ে মায়ের খুব ভালো লেগেছিলো | জীবনের শেষ কয়েকটা মাস মায়ের বিরাট পাওয়া ছিল এই বইটি |

মা চলে যাওয়ার পর বইটি নিয়ে আসি আমার সঙ্গে | আরেকবার পড়তে গিয়ে খেয়াল করি স্যাটা বোসের ছোটবেলা কেটেছিলো সাহেবগঞ্জে | যে শহরে আমার বেড়ে ওঠা | যে শহর ঘুরে ফিরে আসে আমার লেখায় | এক রবিবার ফোনে জিজ্ঞেস করি এই বিষয়ে | উনি বলেন ১৯৫৭ সাল নাগাদ সাহেবগঞ্জ গিয়েছিলেন | সাহেবগঞ্জ কলেজের বাংলা বিভাগের আমন্ত্রণে | গঙ্গা আর রাজমহল পাহাড়ে ঘেরা শহরটি ওঁর ভালো লেগে যায় | স্যাটা বোসের শিকড় হিসেবে এই শহরটির কথা ওঁর মাথায় আসে | এইভাবেই আধুনিক বাংলা সাহিত্যের এক জনপ্রিয় চরিত্রের যোগ হয় আমার ছোটবেলার শহরের সঙ্গে | 'চৌরঙ্গী' প্রসঙ্গে আমার 'বৃষ্টিভেজা চৌরঙ্গী' লেখায় বিস্তারিত লিখেছি | দাদা এই লেখাটি পড়েন - ওঁর ভালো লাগে |

২০২১ সালের ১৮ ই মার্চ শংকরকে একাডেমী পুরস্কার দেওয়া হয় | সাহিত্যিক শংকরের মূল্যায়ন করবো - এমন স্পর্ধা বা ধৃষ্টতা আমার নেই | এই লেখাটি একান্তই আমার নিজস্ব প্রতিফলন গত ১৮ বছরে যেই স্নেহ ওঁর কাছ থেকে পেয়ে এসেছি, তার | উনি একাডেমি পুরস্কার এতদিন পান নি - এই আক্ষেপ কোনোদিন ওঁর মুখে শুনিনি | আসলে ওঁর কাছে কোনো আক্ষেপই কোনোদিন শুনিনি | খুব অল্পতে খুশি | ২০১৯ সালে কলকাতার শেরিফ মনোনীত হন শংকর | খুব খুশি হন এতে | acceptance speech আমাকে ইমেইল করেন | ২০২০র ফেব্রুয়ারি মাসে দেখা করি ওঁর সঙ্গে | কয়েক বছর ধরে আর চকোলেট নিয়ে যাই না | ওঁর শরীরের জন্য | গত বছর একটি পার্কার কলমে ওঁর নাম engrave করে নিয়ে যাই | খুব খুশি হন | বলেন আমি এই কলম দিয়ে লিখবো | আমার জীবনে অল্প কিছু গর্ববোধের ভেতর এটি জ্বলজ্বল করবে |
একাডেমি পুরস্কার কারা দেন, কেন দেন - আমার পরিষ্কার ধারণা নেই | এটুকু বুঝি কখনো কখনো একটি পুরস্কার বেশি সম্মানিত হয়, পুরস্কৃতের চেয়ে | শংকরের একাডেমি পুরস্কারপ্রাপ্তি তারই পুনরাবৃত্তি ঘটালো | ওঁর সাহিত্যরচনা সময়ের গণ্ডী ছাড়িয়েছে বহুদিন | উনি শতায়ু হন - এই কামনা করি |

*লেখক উত্তর ইংল্যান্ডের লিঙ্কনে থাকেন | পেশায় সাইকিয়াট্রিস্ট | অবসর সময়ে লেখালেখি, অভিনয় করেন |*

# জুতো পালিশ

*অরুনাভ ঘোষ-রায়*

ছোটবেলায় জুতো পালিশের বড়ো শখ ছিল আমার। কেন এই শখ তা জিজ্ঞেস করে কি লাভ? উত্তর আমার ছাই জানা আছে! একটি চার বছরের শিশুর মন, কখন কোন জিনিসের ওপর আটকে যায় তা কে বলতে পারে?

সকাল বেলায় এক-একদিন যখন মাসির হাত ধরে খড়দহ স্টেশনে যেতাম, তখন মূল আকর্ষণ ছিল টিকিট কাউন্টারের পাশে বসা দুটি বারো-চোদ্দ বছরের ছেলের জুতো পালিশের কেরামতি দেখার। "পালিশ বাবু? বাবু পালিশ?" - এই ডাকটার মধ্যে এমন একটা সম্মানীয় আকর্ষণ ছিল, যে না জানি কত সাধারণ কেরানি বাবু নিজেকে থানার দারোগা মনে করে, গাম্ভীর্যের সাথে তাদের বাক্সের পাদানিতে পা দিয়েছে।

আর তারপর শুরু হতো তাদের হাতের জাদু। বাক্সের ওপর আঙ্গুল ছুঁয়ে, ভগবানের উদ্দেশ্যে একটি ভক্তিভরা প্রণাম ঠুকে, পুরানো একটি দাঁত-ঝরে যাওয়া ব্রাশ দিয়ে প্রথমে হতো জুতোর ময়লা সাফ। শুকনো ময়লা, ধুলো আরকি। হাত চলতো যেন রেলগাড়ির চাকা! ট্রেন ছুটলে পর চাকা যেমন ঝাপসা হয়ে আসে, তাদের হাত, ও মুঠোয় ধরা ব্রাশ-ও নিমেষের মধ্যে ঝাপসা হয়ে যেত। একটা জুতো হয়ে যাওয়ার পর, ব্রাশ দিয়ে বাক্সের কোনে ঠকঠক করে টোকা দিয়ে জানান দিতো যে এবার অন্য জুতোর পালা।

ধুলো ঝাড়ার পর জুতোয় পরতো কালি। চ্যাপ্টা, গোল ও গোটা চারেক তোবড়ানো লুচির সমান উঁচু, একটি টিনের ডাব্বা ভরা কালি। টিনের ঢাকনার ওপর সাদা ও লাল রঙের কারুকার্য। এই কালির কৌটোগুলো যে কোন দোকানে পাওয়া যেত, তা ভগবানই জানেন। আরেকটু বড়ো হওয়ার পর, যখন জুতো পালিশটাকে নিজের ভবিষ্যতের জীবিকা মনে করে মনোযোগ দিয়ে সাধনা শুরু করেছিলাম, তখন সাধ্য মতন এই কালির অনেক খোঁজ করেছি...কোথাও পাইনি।

ছেলে দুটো কিন্তু কালি লাগাতো অল্পই। কালির জন্য অন্য ব্রাশ। ব্রাশের ডগায় অতি সামান্য একটু কালি নিয়ে জুতোর নানান জায়গায় অল্প করে ছুঁয়ে দিয়ে, একবার ডান হাত দিয়ে একটা জবরদস্ত পালিশ, আর তারপর বাঁ হাত দিয়ে আরেকটা। একজোড়া পুরোনো, ধুলোয় মোড়া জুতো, কেমন হাতের এক একটা টানেতে জেল্লা অর্জন করে, তা আমার কাছে ছিল এক অভাবনীয় ব্যাপার।

ঊনআশি সাল। জুতো পালিশ করে এই দুজন সামান্য কি পেতো জানিনা, কিন্তু কাজে তাদের কোনো ফাঁকি নেই। কালি লাগানোর পালা শেষ হলে পর জিজ্ঞেস করতো "বাবু কিরিম (ক্রিম) দিবো?" যে বাবুর ট্রেন আসার এখনো ঢের দেরি, সে হয়তো মাথা নেড়ে সম্মতি দিলো, আর ওই ছেলেগুলোর আনন্দের সাথে সাথে আমারও যে কি আনন্দ হতো তা আর এখন কি করে বোঝাই। আমিও তাদের পাশে উবু হয়ে বসে পরতাম, পালিশের শেষ কীর্তি দেখার জন্য।

এর মধ্যে যদি গন্তব্যস্থলের ট্রেন আসার সময় হয়ে যেত, আমার বড়োই দুঃখ হতো। মাসি হাত ধরে টানলে পর আমি মাঝে মধ্যেই মিথ্যে-মিথ্যে বলে উঠতাম "হিশি পেয়েছে"। এখন ট্রেন ভর্তি লোকের মাঝে হিশি করে ফেললে পর, চার বছরের আমি মাফ পেলেও মাসি তো আর পাবেনা, তাই অগত্যা ব্যাজার মুখ করে খড়দহ স্টেশনের বাইরে, একটি দেয়ালের সামনে মাসি আমায় দাঁড় করিয়ে দিতো। হিশি হোক বা না হোক, ট্রেন প্লাটফর্ম ছেড়ে না যাওয়া অবধি আমি কোমরের প্যান্ট তুলতাম না, আর একবার ট্রেন ছাড়লেই, সোজা আমার দুই ওস্তাদের পাশে গিয়ে বসে পরতাম।

ওদের ক্রিম থাকতো একটা সাদা প্লাস্টিকের বোতলে। আঙুলে বেশ কিছুটা নিয়ে দুই জুতোয় লাগিয়ে দিতো। তারপর ব্রাশ ছেড়ে, গলায় পেঁচানো একটা নোংরা ন্যাকড়ার দুই কোন দুই হাতে নিয়ে, মাঝের অংশটা দিয়ে জুতোর ওপর মিনিটখানেক ঘষার পর, সে জুতো হয়ে উঠতো একেবারে নতুন। ঝকঝকে তকতকে যাকে বলে। আমার ভীষণ ভালো লাগতো জুতোর এমন রূপান্তর দেখে।

বাবুদের পয়সা দেওয়ার সময় তাদের মুখের দিকে চাইতাম.....তারাও খুশি তো এমন নতুন জুতো পেয়ে? কিন্তু তাদের ভাবলেশহীন মুখ ও পয়সা দেওয়ার ভঙ্গি দেখে কেমন যেন একটু কষ্টই হতো।

একদিন মনে পরে, পালিশের সময় আমি বুকের কাছে হাত জড়ো করে উবু হয়ে বসে মন দিয়ে আমার ওস্তাদদের কাজ দেখছি। কালি সবে লাগানো শেষ হয়েছে, আর অমনি আমি সাহস করে মিহি গলায় বলে উঠলাম "বাবু কিরিম?" বাবুর পাশে দাঁড়িয়ে থাকা বাবুর গিন্নি মুখে আঁচল চাপা দিয়ে ফিক করে হেসে ফেললেন, কিন্তু আমার মাসি কেন রাগ করে আমায় সেখান থেকে টেনে নিয়ে চলে গেলো, তা আমার তখনকার কচি মন, বুঝে উঠতে পারেনি।

# মর্ত্য যাত্রা

*ঋদ্ধিমান কর্মকার*

কৈলাসটা সকাল থেকেই ভীষন সরগরম।
ব্যস্ত সবাই ব্যাগ গোছাতে, সময় বড়ই কম।
রাত পোহালেই পুজো শুরু, যেতে হবে যে মর্ত্যে।
গনেশ বাবু খুঁজছে বাহন, ব্যাটা ঢুকল যে কোন গর্তে!
ভাইটি ওনার খুব সেয়ানা,আর কিছু সে চায়না --
সাধ হয়েছে আইফোনের তাই ধরেছেন বায়না।
লক্ষী-সরো ব্যস্ত ভারী, শেষ করতে শপিং।
থিমের সাথে সাজতে হবে - বিফোর দ্য প্যান্ডেল হপিং।
সবকটা কে সামলে নিয়ে, চললেন মা সাজতে।
ভোলানাথকে বলেও দিলেন ট্যাক্সিটি বুক রাখতে।
দশটি হাতে গয়না পরে, দশ মিনিটেই তৈরী।
হাঁক পাড়লেন "আয়রে সবাই, হচ্ছে কেন দেরী"।
অসুরটা যে কাটল কোথায়, দেবে নাকি সে ফাঁকি!
ঠিক তখনই দেখতে পেলেন মহিষ ব্যাটার উঁকি।
তখন বাবা নেশার ঘোরে এমনি ছিল জব্দ,
চুপটি করে থাকল বসে, করলনা টুঁ শব্দ!
সবাই যখন তৈরী হয়ে, দাঁড়াল দরজায়,
কোথায় গাড়ী? রাস্তা খালি, যেদিকে দু-চোখ যায়।
এসব দেখে সবাই মিলে ছুটল বাবার পানে।
আপনি বলুন, কেমন করে পৌঁছবো এ-ক্ষনে!
মুচকি হেসে বলেন ভোলা, শুনো দিয়া মন,
দেখেছ পাঁজি? উমার এবার ঘোটকে আগমন।

# Bong Connection in Glasgow

*Late Brigadier Tushar K. Gupta*
*From the Archives*

Scotland remains our favourite holiday destination outside India, not just because our daughter lives here with her family, but also because of the Scottish people. Their warmth more than makes up for the weather, and the friends we have made here over the years, make us look forward to our visits here with a lot of eager anticipation.

This was our third visit to Glasgow, and this time we were welcomed by our Indian flag flying proudly on the lawns next door - we later learnt that Anjana's neighbours had hoisted it that morning as a gesture of welcome to this old Indian couple from Kolkata. We were so touched by this show of friendship and are proud that she has chosen to make Scotland her home along with her family.

The last time we were here, the local Bengalis had organised a coach trip to the Highlands, which we were lucky enough to join. We understood that the trip had been sponsored and subsidised by the Scottish government as a gesture of goodwill for the minority community. It was a joyous and hilarious trip peppered with 'luchi-aloordum' and rabindrasangeet in equal doses. Everyone sang everything with great gusto, from the latest Hindi movie songs to Pankaj Mullick, without any regard to the tunes. This time round we got to meet the Bengalis more often and were overwhelmed by their hospitality and their willingness to embrace newcomers and ever expand their circle.

The Bengali community at Glasgow are mostly professionals- engineers, doctors, teachers and IT specialists. What is so striking about them is that they are proud to be Scottish citizens without forgetting their Bengali culture and heritage. They have not cocooned themselves in closed islands, and have been accepted by the local communities without any reservations. They have managed to retain their own identity within an overall Scottish ambience. They have adopted all local festivals like Christmas, Halloween, etc and also continue to enjoy and celebrate Durga Puja, Laxmi Puja, Kali Puja and Saraswati Puja (I believe my granddaughter gets more out of these festivals here than my other grandchildren do in Delhi). I believe that these festivities are visited and encouraged by local Scottish people. The homes that we visited proudly display both western and eastern decorations... it is truly the best of both worlds that this community is enriching itself with!

Sadly, we have to leave Glasgow to go back to Kolkata, but we leave a part of ourselves back with our children here, and all the wonderful friends we have made. We may not be able to reciprocate the Scottish level of hospitality, but we do hope to stay in touch. Here's hoping that they would visit us in Kolkata and enable us to maintain our own Bong Connection.

Bonjour and Adieu Glasgow!

# Experience in Eden Gardens, Kolkata during a match from the Indian Premier League (IPL)

*Aaditya Bhattacharjee*




During Easter, I along with some of my cousins visited the Eden Gardens in Kolkata to watch an IPL match. IPL is one of the biggest cricket tournaments in the world. We saw Kolkata Knight Riders playing against Royal Challengers Bangalore, which the Kolkata Knight Riders went on to win. This was my second visit to Eden Gardens, India's oldest stadium, established in 1864, making it 159 years old. It is the third largest in the world, with a seating capacity of almost 70,000 people.

The stadium looked like a sea of purple; knight rider flags were flying in the air,
and the atmosphere was great. When Kolkata players hit boundaries or took wickets, there would be loud music, and they would have a giant purple flag flying around, and everyone else had a miniature purple flag, which they would wave. The atmosphere there was electric. It was a unique experience for me, and I enjoyed it tremendously. I hope to get back to another experience soon.

# পুরনো সেই দিনের কথা

*মৃদুলা চক্রবর্তী*

গত শতাব্দীর ষাটের দশকের শেষ দিকে আমি যখন গ্লাসগোতে আসলাম, তখন পরিচিত বলে আমাদের কেউ ছিল না। আমি তখন সবে Strathclyde University তে এম.এস.সি করতে শুরু করেছি। আমার দৈনন্দিন জীবন ছিল অতি সাধারণ - সকালে ইউনিভার্সিটি যাওয়া আর সন্ধ্যায় বাড়ি ফিরে এসে রান্না-বান্না করা। সপ্তাহান্তে বিশেষ কোথাও যাওয়া হতো না। নিজেদের মধ্যেই থাকতাম। গ্লাসগোতে বাঙালিদের মধ্যে কোনো সমিতি বা ঐরকম কিছু ছিল না। তখন অনেক ভারতীয় ছাত্র এখানকার ইউনিভার্সিটি তে পড়তে আসত। ভারতীয় ছাত্রদের জন্য ছিল Indian Student Union, যা ছিল এখানকার Glasgow আর Strathclyde University-র affiliated একটি সংস্থা। Indian Student Union সারা বছরে দুটো programme করতো, তাতে সবসাধারণের আসার অনুমতি ছিল। এক Festival Of India আর দুই সরস্বতী পূজা। Festival Of India প্রতি বছর হতো না, তবে সরস্বতী পূজা প্রতি বছর হতো। কাউকে চিনি না। তাও একবার, যতদূর মনে পড়ছে ১৯৭০ সালে, সরস্বতী পুজোতে চলে গেলাম। সেখানে দেখলাম অনেক লোক, তার মধ্যে বাঙালিরাই বেশি। অনেক বাঙালি পরিবারের সাথে আলাপ হলো। আর সেই হলো সূত্রপাত। দৈনন্দিন জীবন একটু বদল হলো। Weekend এ আর বাড়িতে বসে থাকতাম না। পরস্পরের বাড়ি চলে যেতাম, আর সেখানে সন্ধেটা কাটিয়ে রাত্রিবেলা ফিরে আসতাম। এই ভাবেই চলছিল, ব্যাতিক্রম হলো একদিন। কানুদা ( ব্রজগোপাল বর্মন রায় ) নামে এক ভদ্রলোক হঠাৎ একদিন আমাদের বাড়ি এলেন। উনি খুব গান বাজনা ভালো বাসতেন। কথায় কথায় বললেন যে নবপ্রজন্মের কাছে বাঙালি সংস্কৃতি বিলুপ্ত হয়ে যাচ্ছে। যদি গ্লাসগোতে এরকম একটা সমিতি থাকে, যেখানে আমাদের সংস্কৃতি র চর্চা থাকবে , তাহলে নতুন প্রজন্মের কাছে বাঙালি সংস্কৃতিকে আমরা ধরে রাখতে পারবো। উনি আমাদের অভিমত চাইলেন। অনেক আলোচনার পরে ঠিক হলো যে এরকম একটা সমিতি হলে ভালোই হয়। সেই শুরু। উনি উঠে পরে লাগলেন। সেই সময় তাঁকে যারা সহযোগিতা করেছিলেন তাঁরা হলেন - কল্যাণ কুমার বসু , শিবদাস চক্রবর্তী , গোপীনাথ সেন, গুরুদাস বিশ্বাস, প্রতিমা সেনগুপ্ত , অশোক চক্রবর্তী।

কানুদা নিজের বাড়িতে মিটিং ডাকলেন। অনেক বাঙালি পরিবারকে সেই মিটিং এ আসতে অনুরোধ করলেন। তারপর ২৯, সেপ্টেম্বর ১৯৭১ সালে জন্ম নিলো - বঙ্গীয় সংস্কৃতিক পরিষদ। বঙ্গীয় সংস্কৃতিক পরিষদের সদস্য সংখ্যা তখন ছিল মাত্র তিরিশ জন। আমার মনে পরে কত সীমিত অর্থবল নিয়ে

আমরা এই সংস্থার গোড়াপত্তন করেছিলাম। বার্ষিক চাঁদার পরিমান ছিল এক পাউন্ড করে।
বছরে চার-পাঁচটার বেশি অনুষ্ঠান করতে পারতাম না।

তবে প্রথম বছরটা একটু অন্যরকম ছিল। প্রথম বছরে প্রধান কাজ ছিল সংবিধান রচনা করা।
বছরের প্রথমে হতো একটা get together, তারপর বিজয়া সম্মিলনী, নববর্ষের অনুষ্ঠান আর পঁচিশে বৈশাখ। এরপর প্রস্তাব এলো দুর্গাপূজা করলে কেমন হয়। কিন্তু ভেবে দেখলাম দুর্গাপূজা করার মতো লোক বা অর্থ কোনোটাই আমাদের নেই। তারপর কেউ বললো দুর্গাপূজা না হোক মহালয়ার অনুষ্ঠান করতে পারি। সেই মহলায়ার যারা অংশগ্রহণ করছিলেন, তারা মৃদুলা চক্রবর্তী এবং প্রতিমা সেনগুপ্ত। | কথায় আছে ভালো কাজে কোনো কিছুই বাধা হয় না। আমরা কলকাতা বেতার কেন্দ্রের 'মহিষাসুর মর্দিনী' -র টেপ সংগ্রহ করলাম। সেটাই ব্রিটেন এ সর্বপ্রথম মহিষাসুর মর্দিনী উপস্থাপিত হলো।

এরপর ১৯৮১ সালে একটা প্লাবন এলো। আমাদের সদস্যরা ঠিক করলেন যে দূর্গাপুজো করবেন। যে কোনো বাধার সামনে নতিস্বীকার করবেন না। এঁদের অন্যতম হলেন - স্বর্গীয় পুলক মুখোপাধ্যায়, দীপেন মুখোপাধ্যায়, গুরুদাস বিশ্বাস, স্বর্গীয় সত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়, অশোক চক্রবর্তী। কিন্তু কে বা কারা, কোন নামে এই দুর্গোৎসবের আয়োজন করবে ? নতুন করে সংবিধান বানাবার সময় না থাকায়, বঙ্গীয় সংস্কৃতিক পরিষদের ব্যানারেই পুজো শুরু হলো। সেই থেকে এভাবেই দূর্গাপুজো হয়ে আসছে গ্লাসগোতে। এখনো এর কোনো পরিবর্তন হয় নি।

# মা

***অনু সরকার***

শক্তি রূপেন সংস্থিতা
আজি আসিলে তুমি মাগো এই শারদীয় প্রভাতে
ভক্তিভরে পূজিবো তোমায় আমি এই আনন্দ ধামে
অঞ্জলি লহো মাগো তোমার চরণে

আছো তুমি কৈলাসে হয়ে মাগো শিবের ঘরণী
জানি আমি তুমি মাগো জগতের জননী
আমি সাজাবো যে ডালা গাঁথিবে যে মালা
পরাবো আমি তোমার গলে
অঞ্জলি লহো মাগো তোমার চরণে

সুখ শান্তি দিও মোরে
ভক্তি শক্তি থাকে যেন তোমার শরণে
আশীর্বাদ দিও মাগো সকল সন্তানে
অঞ্জলি লহো মাগো তোমার চরণে
অঞ্জলি লহো মাগো তোমার চরণে

# Pujo Piece

***Anuradha Roy***

